

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা
www.bb.org.bd

বিএফআইইউ সার্কুলার নং-২৩

তারিখ : ১৮ মাঘ, ১৪২৫
৩১ জানুয়ারী, ২০১৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
ব্যাংক, বীমাকারী, আর্থিক প্রতিষ্ঠান, মানি চেঞ্জার, অর্থ অথবা অর্থমূল্য প্রেরণকারী
বা স্থানান্তরকারী যে কোন কোম্পানী বা প্রতিষ্ঠান, স্টক ডিলার, স্টক ব্রোকার,
পোর্টফোলিও ম্যানেজার ও মার্চেন্ট ব্যাংকার, সিকিউরিটিজ কাস্টডিয়ান,
সম্পদ ব্যবস্থাপক এবং বাংলাদেশ ব্যাংকের অনুমতিক্রমে ব্যবসা
পরিচালনাকারী অন্য কোন প্রতিষ্ঠান।

‘গ্রুপভুক্ত আর্থিক প্রতিষ্ঠান’ এর অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ এবং বিদেশে অবস্থিত শাখা
ও সাবসিডিয়ারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশনা জারিকরণ প্রসঙ্গে।

মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধের লক্ষ্যে ‘গ্রুপভুক্ত আর্থিক প্রতিষ্ঠান’ এর অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ, তথ্য বিনিময় ও
বিদেশে অবস্থিত শাখা ও সাবসিডিয়ারীর জন্য অনুসরণীয় নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর
২৩(১)(ঘ) এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১৫(১)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতা বলে জারি করা হলো :

২। গ্রুপভুক্ত আর্থিক প্রতিষ্ঠান, উহার শাখা ও সাবসিডিয়ারীর জন্য করণীয় নির্দেশনা:

বাংলাদেশের কোন গ্রুপভুক্ত আর্থিক প্রতিষ্ঠান উহার আওতাধীন আর্থিক প্রতিষ্ঠান, শাখা ও সাবসিডিয়ারী এর মানিলভারিং ও
সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধের নিমিত্তে নিম্নোক্ত ব্যবস্থাাদি গ্রহণ করবে :

(১) প্রতিটি গ্রুপভুক্ত আর্থিক প্রতিষ্ঠান উহার ব্যবসায়ের প্রকৃতি, বিস্তৃতি এবং মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন সংক্রান্ত
ঝুঁকি বিবেচনায় একটি নিজস্ব নীতিমালা প্রণয়ন করবে; যা তাদের পরিচালনা পর্ষদ, প্রযোজ্য ক্ষেত্রে সর্বোচ্চ ব্যবস্থাপনা
কমিটি বা প্রতিষ্ঠানের মালিক অনুমোদন করবে। সময় সময় তারা উক্ত নীতিমালাটি পর্যালোচনা করবে ও প্রযোজ্য
ক্ষেত্রে, সংশোধন বা পরিমার্জন করবে। উক্ত নীতিমালার আওতায় ঝুঁকিভিত্তিক পদ্ধতি গ্রহণপূর্বক প্রাতিষ্ঠানিক কৌশল
ও কর্মসূচী নির্ধারণ এবং সময় সময় তা পর্যালোচনা করবে। আলোচ্য নীতিমালায় ন্যূনতম নিম্নোক্ত বিষয়াবলী অন্তর্ভুক্ত
থাকবে:

ক) একটি উপযুক্ত পরিপালন ব্যবস্থা;

খ) একজন জৈষ্ঠ্য, অভিজ্ঞ ও দক্ষ প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা নিয়োগ প্রক্রিয়া ও তাঁর দায়-
দায়িত্ব;

গ) কর্মকর্তা নিয়োগে যথাযথ যাচাই প্রক্রিয়া (Screening Mechanism);

^১ আর্থিক গ্রুপ বলতে এমন একটি প্যারেন্ট কোম্পানী বা অন্যবিধ আইনী সত্তাকে বুঝাবে যা গ্রুপের অন্যান্য প্রতিষ্ঠান, শাখা ও সাবসিডিয়ারীর উপর নিয়ন্ত্রণ
ও সমন্বয় করে থাকে।

- ঘ) কর্মকর্তাদের মানিলভারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়ন প্রতিরোধ সংশ্লিষ্ট বিষয়ে উপযুক্ত প্রশিক্ষণ পদ্ধতি; এবং
- ঙ) মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে একটি কার্যকরি ব্যবস্থা প্রতিষ্ঠার লক্ষ্যে স্বাধীন নিরীক্ষা (Independent Audit) ব্যবস্থা;

- (২) মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন সংক্রান্ত ঝুঁকি প্রতিরোধে, প্রযোজ্য ক্ষেত্রে, গ্রুপভুক্ত অন্যান্য প্রতিষ্ঠান, শাখা ও সাবসিডিয়ারীর মধ্যে গ্রাহকের বিষয়ে সতর্কতামূলক ব্যবস্থার তথ্য বিনিময় করতে পারবে। উল্লেখ্য, এ নির্দেশনা প্রযোজ্য ক্ষেত্রে, করেসপন্ডিং ব্যাংকিং, ওয়্যার ট্রান্সফার, গ্রাহকের বিষয়ে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের নিমিত্ত তৃতীয় পক্ষের উপর নির্ভরকরণ এবং অস্বাভাবিক বা সন্দেহজনক লেনদেন বা কার্যক্রমের^২ ক্ষেত্রেও প্রযোজ্য হবে। এক্ষেত্রে তথ্যের যথাযথ গোপনীয়তা রক্ষা করতে হবে এবং বর্ণিত উদ্দেশ্য ব্যতিরেকে উক্ত তথ্যাদি ব্যবহার করা যাবে না।
- (৩) তবে বিদেশে নিবন্ধিত আর্থিক গ্রুপের ক্ষেত্রে উহার বাংলাদেশে অবস্থিত প্রতিষ্ঠান হতে প্যারেন্ট কোম্পানী বা বিদেশে অবস্থিত অন্যান্য প্রতিষ্ঠান, শাখা ও সাবসিডিয়ারীর মধ্যে উল্লিখিত তথ্যাদি বিনিময়ের ক্ষেত্রে বিএফআইইউ এর পূর্বানুমতি প্রয়োজন হবে।
- (৪) গ্রুপভুক্ত আর্থিক প্রতিষ্ঠান এর পরিচালনা পর্ষদ বা ব্যবস্থাপনা কমিটি, সর্বোচ্চ নির্বাহী বা প্রযোজ্য ক্ষেত্রে মালিক এবং অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে নিজ নিজ দায়িত্ব ও কর্তব্যের আলোকে প্রযোজ্যতা অনুসারে প্রাতিষ্ঠানিক পরিপালন ব্যবস্থা জোরদার করার বিষয়ে সচেতন থাকবেন।
- (৫) এছাড়াও গ্রুপভুক্ত আর্থিক প্রতিষ্ঠান প্রযোজ্যতা অনুসারে মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২, সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ ও উক্ত আইনের আওতায় জারিকৃত বিধিমালায় বর্ণিত বিধানাবলী এবং বিএফআইইউ কর্তৃক সময় সময় জারিকৃত নির্দেশনাবলীর যথাযথ পরিপালন নিশ্চিত করবে।

৩। বিদেশে অবস্থিত শাখা ও সাবসিডিয়ারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে করণীয় :

আর্থিক প্রতিষ্ঠানের বিদেশে অবস্থিত শাখা ও সাবসিডিয়ারীর ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা প্রযোজ্য হবে:

- (১) আর্থিক প্রতিষ্ঠান বিদেশে অবস্থিত তাদের শাখা ও সাবসিডিয়ারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২, সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ ও উক্ত আইনের আওতায় জারিকৃত বিধিমালায় বর্ণিত বিধানাবলী এবং বিএফআইইউ কর্তৃক, সময় সময়, জারিকৃত নির্দেশনাবলীর যথাযথ পরিপালন নিশ্চিত করবে; এবং
- (২) বিদেশে অবস্থিত শাখা বা সাবসিডিয়ারী প্রতিষ্ঠান যদি ৩(১) এ বর্ণিত নির্দেশনা যথাযথভাবে পরিপালনে অসমর্থ হয় তবে উক্ত প্রতিষ্ঠান মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন ঝুঁকি ব্যবস্থাপনার জন্য প্রযোজ্য ব্যবস্থা গ্রহণ করবে এবং পরিপালনে অপরগতার কারণ অবিলম্বে বিএফআইইউকে অবহিত করবে।

৪। এ সার্কুলারের নির্দেশনাসমূহ অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ জাকির হোসেন চৌধুরী)

মহাব্যবস্থাপক ও অপারেশনাল হেড

ফোনঃ ৯৫৩০১১৮



^২ অস্বাভাবিক বা সন্দেহজনক লেনদেন বা কার্যক্রমের সাথে সম্পর্কিত তথ্যাবলী ও অস্বাভাবিক বা সন্দেহজনক লেনদেন বা কার্যক্রম রিপোর্ট করা হয়েছে এরূপ তথ্য বিবেচনা করা যাবে।